# সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ)

২২/২২ খিলজী রোড, মোহাম্মাদপুর, ঢাকা-১২০৭

## প্রধান কার্যালয় নৈতিকতা কমিটির উনবিংশতম সভার কার্যবিবরণী

এসডিএফ প্রধান কার্যালয় নৈতিকতা কমিটির উনবিংশতম সভা অদ্য ১০ ডিসেম্বর ২০২৩ তারিখ সকাল ১০:০০ ঘটিকায় সংস্থার প্রধান কার্যালয়ে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন এসডিএফ প্রধান কার্যালয় নৈতিকতা কমিটির আহ্বায়ক এবং সংস্থার ব্যবস্থাপনা পরিচালক ড. অমিতাভ সরকার। নৈতিকতা কমিটির নিম্নলিখিত সম্মানিত সদস্যবৃন্দ সভায় উপস্থিত ছিলেন।

| | | |
|---|---|---|
| ১. | মো: গোলাম ফারুখ<br>পরিচালক (অপারেশন্স) | সদস্য |
| ২. | মো: মাহবুবুল আলম<br>পরিচালক (অর্থ ও ক্রয়) | সদস্য |
| ৩. | মো: ইশতিয়াক মাহমুদ<br>মহাব্যবস্থাপক (সুশাসন ও জবাবদিহিতা) | সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট |

নৈতিকতা কমিটির সদস্য ও মহাব্যবস্থাপক (ইনফরমেশন এন্ড কমিউনিকেশন্স), ফওজিয়া তৌহিদ ছুটিতে থাকায় নৈতিকতা কমিটির সভায় উপস্থিত থাকতে পারবেন না বলে মর্মে অবহিত করেছেন।

**সভার আলোচ্যসূচী:**

১. গত সভার কার্যবিবরণী পঠন, দৃঢ়করণ, বাস্তবায়ন ও অগ্রগতি পর্যালোচনা।
২. এসডিএফ এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা ২০২২-২০২৩ এর ৪র্থ (চতুর্থ) প্রান্তিকের লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন বিষয়ে আলোচনা।
৩. এসডিএফ কর্মকর্তা-কর্মচারীদের শুদ্ধাচার পুরস্কার প্রদান ২০২১-২২ প্রসঙ্গে।
৪. বাংলাদেশ সরকারের অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা (পরিমার্জিত ২০১৮) এর আলোকে এসডিএফ অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা প্রসঙ্গে।
৫. বিবিধ।

**আলোচ্যসূচী-১:**

গত ৩০ মার্চ ২০২৩ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পঠন, দৃঢ়করণ, বাস্তবায়ন ও অগ্রগতি পর্যালোচনা।

**আলোচনার সারসংক্ষেপ:**

সভার শুরুতে প্রধান কার্যালয় নৈতিকতা কমিটির আহ্বায়ক এবং সংস্থার ব্যবস্থাপনা পরিচালক ড. অমিতাভ সরকার উপস্থিত সকলকে শুভেচ্ছা জানান। অতঃপর গত ৩০শে মার্চ ২০২৩ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির অষ্টাদশ সভার কার্যবিবরণী সঠিকভাবে লিপিবদ্ধ হয়েছে কিনা বা কারো কোনো মন্তব্য আছে কিনা জানতে চাওয়ায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দ কার্যবিবরণীটিতে গৃহিত সিদ্ধান্তসমূহ সঠিকভাবে লিপিবদ্ধ হয়েছে মর্মে ঐকমত্য প্রকাশ করেন।

আলোচনার ধারাবাহিকতায় মো: গোলাম ফারুখ, পরিচালক অপারেশন্স চলমান মামলার তথ্য উপাত্ত সংরক্ষণের জন্য ফরমেট তৈরির বিষয় উল্লেখ করলে নৈতিকতা কমিটির সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট এবং মহাব্যবস্থাপক (সুশাসন ও জবাবদিহিতা) সভাকে অবহিত করেন যে, এসডিএফ এর কর্মকর্তা-কর্মচারী ও উপকারভোগীদের বিরুদ্ধে যে সকল মামলা চলমান রয়েছে তার তথ্য সংরক্ষণ করার জন্য খসড়া ফরমেট তৈরি করা হয়েছে। তিনি সভাকে অবহিত করেন যে, সংশ্লিষ্ট সকলের সাথে আলোচনার ভিত্তিতে খসড়া ফরমেট চূড়ান্ত করা হবে ।

**সিদ্ধান্ত:**

৩০শে মার্চ ২০২৩ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির অষ্টাদশ সভার কার্যবিবরণী সভায় উপস্থিত সকল সম্মানিত সদস্যের সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। এসডিএফ এর কর্মকর্তা-কর্মচারী ও উপকারভোগীদের বিরুদ্ধে যে সকল মামলা চলমান রয়েছে তার তথ্য সংরক্ষণ করার জন্য খসড়া ফরমেট সংশ্লিষ্ট সকলের সাথে আলোচনার ভিত্তিতে চূড়ান্ত করা হবে ।

**আলোচ্যসূচী-২:**

এসডিএফ এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা ২০২৩-২০২৪ এর ২য় (দ্বিতীয়) প্রান্তিকের লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন বিষয়ে আলোচনা।

**আলোচনার সারসংক্ষেপ:**

পরিচালক (অপারেসন্স), এসডিএফ এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা ২০২৩-২০২৪ এর ২য় (দ্বিতীয়) প্রান্তিকের লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জনের অগ্রগতি জানতে চাইলে এসডিএফ নৈতিকতা কমিটির সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট এবং মহাব্যবস্থাপক (সুশাসন ও জবাবদিহিতা) অবহিত করেন যে, এসডিএফ এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা ২০২৩-২০২৪ এর ২য় (দ্বিতীয়) প্রান্তিকের লক্ষ্যমাত্রার বিপরীতে কাজ চলমান রয়েছে। মূলতঃ প্রতি প্রান্তিকের পরের মাসের ৭ তারিখের মধ্যে প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়।

**সিদ্ধান্ত:**

প্রতিবেদনের খসড়া তৈরি করে ব্যবস্থাপনা পরিচালকের কাছে পেশ করা হবে।

**আলোচ্যসূচী-৩:**

এসডিএফ কর্মকর্তা-কর্মচারীদের শুদ্ধাচার পুরস্কার প্রদান ২০২১-২০২২ প্রসঙ্গ।

**আলোচনার সারসংক্ষেপ:**

এই বিষয়ে শুদ্ধাচার পুরস্কার প্রদান কমিটির সদস্য সচিব, মো: ইশতিয়াক মাহমুদ সভাকে অবহিত করেন যে, মাঠ পর্যায় থেকে প্রেরিত পুরস্কারের জন্য সুপারিশকৃত কর্মকর্তা-কর্মচারীদের তালিকা এসডিএফ শুদ্ধাচার পুরস্কার ২০২১-২২ কমিটির সদস্যগণের একাধিক সভায় অংশ গ্রহণের মাধ্যমে যাচাই-বাছাই করে সংক্ষিপ্ত তালিকা প্রণয়ন করা হয়েছে। এ বিষয়ে তিনি আরো বলেন যে, পুরস্কার পাওয়ার যোগ্য কর্মকর্তা-কর্মচারীদের তালিকা চূড়ান্ত করার কাজ প্রায় ৯৫% সমাপ্ত হয়েছে। মো: গোলাম ফারুখ, সদস্য এবং পরিচালক, অপারেশন্স উক্ত মতামতের সাথে সহমত পোষণ করেন।

**সিদ্ধান্ত:**

এসডিএফ শুদ্ধাচার পুরস্কার প্রদান কমিটি ডিসেম্বর, ২০২৩ সময়ের মধ্যে পুরস্কার পাওয়ার যোগ্য কর্মকর্তা-কর্মচারীদের খসড়া চূড়ান্ত তালিকা ব্যবস্থাপনা পরিচালক এর নিকট উপস্থাপন করবেন।

**আলোচ্যসূচী-৪:**

বাংলাদেশ সরকারের অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা (পরিমার্জিত ২০১৮) এর আলোকে এসডিএফ অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা প্রসঙ্গে।

**আলোচনার সারসংক্ষেপ:**

নৈতিকতা কমিটির সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট এবং মহাব্যবস্থাপক (সুশাসন ও জবাবদিহিতা) জনাব ইশতিয়াক মাহমুদ বাংলাদেশ সরকারের অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা (পরিমার্জিত ২০১৮) এর আলোকে এসডিএফ এর তৈরি করা অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা প্রসঙ্গে আলোকপাত করেন। তিনি আরো উল্লেখ করেন যে, এসডিএফ এর তৈরি করা অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা-এর খসড়া তৈরি করে নৈতিকতা কমিটির সকল সদস্যকে দেওয়া হয়েছে। উক্ত খসড়া নির্দেশিকায় মো: গোলাম ফারুখ, সদস্য এবং পরিচালক (অপারেশন্স) ব্যতিরেকে আর কেউ মতামত প্রদান করেন নি।

**সিদ্ধান্ত:**

বাংলাদেশ সরকারের অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা (পরিমার্জিত ২০১৮) এর আলোকে এসডিএফ কর্তৃক অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা তৈরি করতে হবে।

**আলোচ্যসূচী-৫:**

বিবিধ

**আলোচনার সারসংক্ষেপ:**

বিবিধ আলোচনায় অংশ নিয়ে ব্যবস্থাপনা পরিচালক ড. অমিতাভ সরকার প্রধান কার্যালয়ে অভিযোগ গ্রহণের জন্য একটি আলাদা সেল গঠন করার বিষয়ে আলোচনার সূত্রপাত করেন। সভায় বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। এ বিষয়ে পরবর্তী সভায় পুনরায় আলোচনা করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

গত ৩০ মার্চ ২০২৩ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির অষ্টাদশ সভার অন্যতম আলোচ্য বিষয় এসডিএফ কর্তৃক চুক্তিভিত্তিক নিয়োগপ্রাপ্ত আইন উপদেষ্টার ফি হালনাগাদ বিষয়ে আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনা অন্তে এবং প্রয়োজনীয় যাচাই/বাছাই অন্তে বিজ্ঞ আইন উপদেষ্টার বিল দ্রুত প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

নৈতিকতা কমিটির সদস্য সচিব এবং ফোকাল পয়েন্ট, মহাব্যবস্থাপক (সুশাসন ও জবাবদিহিতা), এসডিএফ প্রধান কার্যালয়ে একটি নোটিশ বোর্ড টানানোর জন্য ব্যবস্থাপনা পরিচালক এর দৃষ্টি আকর্ষণ করেন। নোটিশ বোর্ডে যেকোন সংবাদ পরিবেশন করা হলে তা সহজেই সকল কর্মকর্তাদের দৃষ্টিগোচর হবে।

আর কোন আলোচনা না থাকায় নৈতিকতা কমিটির আহ্বায়ক এবং সভার সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

ড. অমিতাভ সরকার
ব্যবস্থাপনা পরিচালক
এবং
আহ্বায়ক, এসডিএফ নৈতিকতা কমিটি